গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

মিরপুর- ২, ঢাকা - ১২১৬

স্মারক নং : ৩৮.১৫১.০০৭.১১.০০.০০.৬৪.২০১৬/ ৭১১৬

তারিখ : ১৯ ভাদ্র ১৪২৩ বঃ
০৩ সেপ্টেম্বর ২০১৬ খ্রি.

## পরিপত্র

প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে বিদ্যালয়সমূহ নির্ধারিত প্রমাপ অনুযায়ী পরিদর্শনকারী কর্মকর্তাবৃন্দ কর্তৃক নিয়মিতভাবে পরিদর্শন ও পরিদর্শনের ফলোআপ হওয়া অত্যাবশ্যক। প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সদস্যগণ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ কর্তৃক প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন অন্তে দাখিলকৃত প্রতিবেদন ও পরিদর্শনকারী কর্মকর্তাদের অভিজ্ঞতা থেকে জানা যায় -

১) প্রতি বছর অনেক বিদ্যালয় নিয়মিত পরিদর্শনের আওতার বাইরে থাকে। এমনকি কোন কোন বিদ্যালয় বিগত ২-৩ বছরে পরিদর্শনকারী কর্মকর্তাগণ পরিদর্শন করেন নি

২) অনেক বিদ্যালয়ে পূর্ববর্তী পরিদর্শনকারীর পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায় না। এমনকি পরিদর্শনকারী কর্মকর্তাগণ পরিদর্শন খাতায় কোন মন্তব্য লিখেন না

৩) অধিকাংশ ক্ষেত্রেই কর্মকর্তাগণের পরিদর্শন প্রতিবেদন তাদের নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ মূল্যায়ন করেন না এবং পরিদর্শনে প্রাপ্ত বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করেন না।

৪) পরিদর্শনকারী কর্মকর্তাগণ পরিদর্শনে প্রাপ্ত অনিয়মের কারণে প্রদত্ত নির্দেশনা/সুপারিশ বাস্তবায়িত হয়েছে কিনা তা ফলোআপ করেন না।

৫) কর্মকর্তাগণ পরিদর্শনকালে একাডেমিক সুপারভিশনে সময় কম ব্যয় করেন এবং বিদ্যালয়ের শিখন শেখানো কার্যক্রমের মান উন্নয়নে প্রয়োজনীয় ভূমিকা পালন করেন না।

এমতাবস্থায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তাঁদের অধিক্ষেত্রের বিদ্যালয়/অফিস পরিদর্শনে নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালনের জন্য বলা হল :

১) মাসিক পরিদর্শনের ক্ষেত্রে কর্মকর্তাগণ বিদ্যমান নিম্নরূপ প্রমাপ যথাযথভাবে অনুসরণ করবেন :

| নং | পদবী | অফিস পরিদর্শনের নির্ধারিত লক্ষ্যমাত্রা | বিদ্যালয় পরিদর্শনের নির্ধারিত লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা) | ডিপিইও অফিস - ১<br>পিটিআই- ১<br>ইউইও /টিইও অফিস/ইউআরসি- ২ | ২ | উপপরিচালক, ঢাকা বিভাগ প্রমাপের অতিরিক্ত ঢাকা মহানগরের ২ টি বিদ্যালয় আবশ্যিকভাবে পরিদর্শন করবেন। |
| ২ | বিভাগীয় সহকারি পরিচালক | ডিপিইও অফিস - ১<br>পিটিআই- ১<br>ইউইও /টিইও অফিস/ইউআরসি- ২ | ১ | সহকারি পরিচালক, ঢাকা বিভাগ প্রমাপের অতিরিক্ত ঢাকা মহানগরের ২ টি বিদ্যালয় আবশ্যিকভাবে পরিদর্শন করবেন। |
| ৩ | শিক্ষা অফিসার, বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয় | | ৫ | |
| ৪ | ডিপিইও | ২ | ৩ | |
| ৫ | এডিপিইও | ৩ | ৫ | |
| ৬ | সুপারিনটেনডেন্ট পিটিআই | ১ | ১ | |
| ৭ | সহঃসুপারিনটেনডেন্ট ,পিটিআই | ১ | ১ | |
| ৮ | ইউইও | - | ৫ | |
| ৯ | এইউইও | - | ১০ | |
| ১০ | ইন্সট্রাক্টর পিটিআই | - | ১ | |
| ১১ | ইউআরসি ইন্সট্রাক্টর | - | ৫ | |
| ১২ | সহঃ ইউআরসি ইন্সট্রাক্টর | - | ৭ | |

২। উপজেলা পর্যায়ে উপজেলা শিক্ষা অফিসারের নেতৃত্বে ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারি উপজেলা শিক্ষা অফিসার ও সহকারি ইন্সট্রাক্টরগণের সমন্বয়ে সমন্বিত পরিদর্শন পরিকল্পনা প্রণয়ন করে বিদ্যালয় পরিদর্শন করতে হবে যাতে প্রতি ৩ (তিন) মাসে প্রতিটি বিদ্যালয় অন্তত একবার পরিদর্শিত হয়। পরিকল্পনা প্রণয়নকালে দুর্গম ও দূরবর্তী এলাকায় অবস্থিত বিদ্যালয় সমূহকে অগ্রাধিকার দিতে হবে।

৩) মাঠপর্যায়ের অফিস প্রধানগণ (UEO, DPEO ও DD ) সমন্বিত পরিদর্শন পরিকল্পনার আলোকে প্রতি তিন মাসের পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিয়ে একটি সারসংক্ষেপ তৈরি পূর্বক স্ব স্ব কর্তৃপক্ষসহ অন্যান্য অংশীজনের (Stakeholder) নিকট প্রেরণ করবেন।

৪) সার্বিক পরিদর্শন কার্যক্রমে একাডেমিক সুপারভিশনের প্রতি বিশেষ জোর দিতে হবে এবং পরিদর্শনকালে শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক শিখন যোগ্যতা আবশ্যিকভাবে যাচাই করতে হবে।

৫) সকল পরিদর্শনকারী কর্মকর্তা পরিদর্শন শেষে বিদ্যালয়ের পরিদর্শন খাতায় মন্তব্য লিখবেন। নির্দেশনা/সুপারিশ প্রদানের ক্ষেত্রে বস্তবায়নের সময় উল্লেখ করতে হবে।

৬) নিয়ন্ত্রনকারী কর্মকর্তাগণ তাঁর অধস্তন কর্মকর্তাগণের সকল পরিদর্শন প্রতিবেদন মূল্যায়ন করবেন এবং প্রয়োজনীয় ক্ষেত্রে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন।

৭) প্রত্যেক শিক্ষার্থী শিখনফল অর্জন করেছে কিনা পরিদর্শনকারী কর্মকর্তাগণ শ্রেণি পর্যবেক্ষণের সময় তা যাচাই করবেন ও প্রতিবেদনে উল্লেখ করবেন।

০৬.২.২০২১

(মোঃ আলমগীর)
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে :-

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি : প্রয়োজনীয় কার্যার্থে :-

১। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

২। পরিচালক প্রশাসন/অর্থ ও সংগ্রহ/পরিবীক্ষণ ও মূল্যায়ন/পরিকল্পনা ও উন্নয়ন/পলিসি ও অপারেশন/প্রশিক্ষণ/প্রোগ্রাম/সেকেন্ড চান্স এডুকেশন এবং সিস্টেম ম্যনেজার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।

৩। বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা), সকল বিভাগ, ঢাকা।

৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সকল জেলা/সুপারিনটেনডেন্ট, পিটিআই(সকল)।

৫। উপজেলা/থানা শিক্ষা অফিসার/ইউআরসি ইন্সট্রাক্টর ...................................... উপজেলা/থানা, ঢাকা।

৬। সংরক্ষণ নথি।

০৬।২।২১

মোঃ সাবের হোসেন
পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর